কালীগঞ্জে বেদে পল্লীর শিশুদের মাঝে খাবার বিতরণ

ঝিনাইদহের কালীগঞ্জ পৌরসভার কাশিপুর ও বারোবাজার বেদে পল্লীর শিশুদের মাঝে খাবার বিতরণ করা হয়েছে।

বৃহস্পতিবার সকালে কাশিপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে খাদ্য বিতরণ উদ্বোধন করেন ঝিনাইদহ-৪ আসনের সংসদ সদস্য আনোয়ারুল আজীম আনার।

কাশিপুর ও বারোবাজার বেদে পল্লীর ২৫০ পরিবারের শিশুদের জন্য গুড়া দুধ, চিনি, সুজি ও বিস্কুট বিতরণ করা হয়।

কালীগঞ্জ উপজেলা প্রশাসনের আয়োজনে বিতরন অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী অফিসার সুবর্ণা রানী সাহা, উপজেলা উপজেলা ভাইস চেয়ারম্যান শিবলী নোমানী, প্রকল্প বাস্তবায়ণ কর্মকর্তা আব্দুল্লাহ হেল মাসুম, একটি বাড়ি একটি খামার প্রকল্পের সমন্বয়ক শাহারিয়ার হোসেন ও গনমাধ্যমকর্মী।

কালীগঞ্জে স্টেশনে সুন্দরবন এক্সপ্রেসের যাত্রা বিরতির উদ্বোধন

ঝিনাইদহের কালীগঞ্জ বাসীর দীর্ঘ দিনের প্রাণের দাবির পরিপ্রেক্ষিতে মোবারকগঞ্জ রেলস্টেশনে খুলনা হতে ছেড়ে আসা ঢাকাগামী সুন্দরবন এক্সপ্রেস ট্রেনের যাত্রা বিরতির শুভ উদ্বোধন করা হয়েছে। বৃহস্পতিবার দিবাগত রাত ১২ টার সময় কালীগঞ্জের মোবারকগঞ্জ রেল স্টেশনে সুন্দরবন এক্সপ্রেস ট্রেনটির যাত্রা বিরতির শুভ উদ্ধোধন করেন ঝিনাইদহ-৪ আসনের মাননীয় সংসদ সদস্য জনাব আনোয়ারুল আজীম আনার।

উক্ত উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, সাংসদ আনোয়ারুল আজীম আনার। এসময় তিনি বলেন, নিরাপদ যোগাযোগ ব্যবস্থায় রেলপথ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে এবং এই এলাকার মানুষের যাতায়াত ব্যবস্থার এক বৈপ্লবিক পরিবর্তন ঘটবে। সুন্দরবন এক্সপ্রেস ট্রেনটি মোবারকগঞ্জ রেলস্টেশনে যাত্রা বিরতিতে কালীগঞ্জ বাসীর দীর্ঘদিনের প্রত্যাশা পূরণ হল।

উদ্বোধনী অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন, কালীগঞ্জ পৌরসভার মেয়র আশরাফুল আলম আশরাফ, থানার আফিসার ইনর্চাজ ওসি মাহফুজুর রহমান মিয়া, উপজেলা ভাইস চেয়ারম্যান শিবলী নোমানী, জেলা পরিষদের সদস্য জাহাঙ্গীর হোসেন সোহেল, পৌর প্যানেল মেয়র মনিরুজ্জামান রিংকু প্রমুখ।

অনুষ্ঠান শেষে যাত্রী, ট্রেনের ড্রাইভার ও পরিচালকসহ রেল কর্মকর্তাদের কে মিষ্টিমুখ করানোর পাশাপাশি ফুল দিয়ে শুভেচ্ছা জানানো হয়। মোবারকগঞ্জ রেলওয়ে স্টেশন মাস্টার শাহাজান হোসেন জানান; খুলনাগামী সুন্দরবন এক্সপ্রেস ৭২৫ নং (আপ) খুলনা থেকে ছেড়ে আসা ট্রেনটি প্রতিদিন রাত ১১ টা ৪৮ মিনিটে এবং ঢাকা থেকে ফিরে আসা সুন্দরবন এক্সপ্রেস ৭২৬ নং (ডাউন) ট্রেনটি রাত ৩ টা ৫০ মিনিটে মোবারকগঞ্জ রেলওয়ে স্টেশনে ২ মিনিট যাত্রাবিরতি করবে। ট্রেনটি সাপ্তাহিক বন্ধ মঙ্গলবার।

হরিণাকুণ্ডুতে পূর্ব শত্রুতার জেরে পুকুরে বিষ প্রয়োগ করে মাছ মারার অভিযোগ

ঝিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলার রঘুনাথপুর ইউনিয়নের কালাপাড়িয়া গ্রামের বরকত আলী’র ছেলে আমিরুল ইসলামের বিবাধ পূর্ণ পুকুরে গত বুধবার রাতে বিষ প্রয়োগ করে মাছ মারার অভিযোগ উঠেছে। এই কৃষক কে নিয়ে অতীতেও এমন ঘটে যাওয়া অনেক ঘটনায় পত্র পত্রিকায় প্রকাশিত হলেও কোনও সুফল মেলেনি, বলে তিনি জানান।

কায়িক পরিশ্রম করে সরল জীবন যাপনের স্বপ্ন দেখেন মন্টু কিন্তু কিছু মানুষরুপী হিংস্◌্র প্রাণীর থাবায় তার জীবন অতিষ্ট করে তুলেছে। তার কাছ থেকে জানা যায় জমি দখল, গাছের আম পেড়ে নেওয়া, জমির ঘাস কেটে নেওয়া, বিষ দিয়ে পুকুরে মাছ মারা সহ নানা ধরনের অত্যাচারের স্বীকার হতে হচ্ছে তাকে। এছাড়া অবৈধ আশ্রায়ন প্রক্লপে আশ্রয় নেওয়া হুমায়ন কবির, বাবর আলী, শরাফতসহ আরো অনেকের বিরুদ্ধে অভিযোগ করে বলেন, আমি এখন চরম আশংকার মধ্যে আছি ওরা আমার পুকুরের মাছ মেরে দিয়েছে এতে করে আমার ৫০হাজার টাকার বেশি ক্ষয়-ক্ষতি হয়েছে।

আমি প্রশাসনের কাছে এর সুষ্ঠু তদন্ত স্বাপেক্ষে এর বিচার চাই। আবাসনের সভাপতি মনিরুদ্দিন বলেন, জমি যদি সরকারের হয় তাহলে সেটা আবাসনে দিয়ে দিক। আর যদি আইনি ভাবে মামলায় সে পেয়ে থাকে তাহলে সেটা তাকে দিয়ে দিক। তার দিয়ে এখানে ঝামেলা মুক্ত থাকুক। আমরা এর সুষ্ঠু সমাধোন চাই।

এদিকে চরপাড়া পুলিশ ফাড়ি ইনচার্জ সাংবাদিকদের জানান, বেশ কিছু মাছ মারা গেছে। ঘটনা শুনার পর-পরই আমি সেখানে আমার ফোর্স পাঠিয়েছিলাম ঘটনার সত্যতা যাচাই করে ব্যবস্থা নেব। এঘটনায় রঘুনাথপুর ইউনিয়নের ৩ ওয়ার্ডের ইউপি সদস্য হাসেম আলী জানান, আমি দু’জনকেই অনুরোধ করি কিন্তু কেউই আমার কথা শোনেন না।

তিনি আরো বলেন, মাছ কিন্তু মরেছে, এখানে বিষ দেয়ার কোনও আলামত পাওয়া যায়নি। আমি চাই যে এই জমিটা নিয়ে গ্রামে যে গ্যাঞ্জাম চলছে তার সুষ্ঠু সমাধান হোক।

ঝিনাইদহ-চুয়াডাঙ্গা মহাসড়কের বাস এবং মোটরসাইকেল সংঘর্ষে ১জন নিহত

ঝিনাইদহ সদর উপজেলার ঝপঝপিয়া এলাকায় বাস চাপায় জাহাঙ্গীর হোসেন
(৩০) নামে এক পান ব্যবসায়ী নিহত হয়েছে। বৃহস্পতিবার ভোর সাড়ে ৫

টার দিকে ঝিনাইদহ-চুয়াডাঙ্গা সড়কের ঝপঝপিয়া নামক স্থানে হলিধানী গ্রামের সিরাজুল ইসলামের ছেলে জেআর পরিবহনের চাকায় পিষ্ট হয়ে নিহত হন। এ সময় জাহাঙ্গীরের সঙ্গে থাকা বিনোদপুর গ্রামের জামিরুল ইসলাম আহত হন।

ঝিনাইদহ সদর থানার ওসি মিজানুর রহমান জানান, সকালে পান ব্যবসায়ী জাহাঙ্গীর হোসেন ও জামিরুল ইসলাম মোটর সাইকেল যোগে হলিধানী থেকে থেকে শহরের নতুন হাটখোলা পান বাজারে আসছিল। পথে ঝপঝপিয়া এলাকায় পৌঁ◌ঁছালে বিপরীত দিক থেকে আসা জে আর পরিবহণের একটি বাস তাদের চাপা দেয়। এতে ঘটনাস্থলেই জাহাঙ্গীর হোসেন মারা যায়। ঘটনার পর বাসটি আটক করলেও চালক পলাতক রয়েছে।

শৈলকুপায় জাল টাকাসহ আটক ৫ জন

ঝিনাইদহের শৈলকুপায় জাল টাকাসহ ৫ ব্যক্তিকে আটক করেছে শৈলকুপা থানা পুলিশ। মঙ্গলবার সন্ধ্যা ৭ টার দিকে উপজেলার হাটফাজিলপুর এলাকা থেকে তাদেরকে আটক করা হয়েছে। জানা যায়, শৈলকূপা উপজেলার হাটফাজিলপুর পুলিশ ক্যাম্পের ইনচার্জ এসআই মোঃ সাজ্জাদুর রহমান সঙ্গীয় ফোর্সসহ হাটফাজিলপুর মাধ্যমিক বিদ্যালয়ের পাশ হতে ২৯ (উনত্রিশ)টি ১০০০/- (এক হাজার) টাকার জাল নোটসহ আঃ সাত্তার (৪৫) বরিশাল জেলার বাবুগঞ্জ উপজেলার মানিককাঠি গ্রামের মৃত এলেম উদ্দিন এর ছেলে, কিবরিয়া (২৮) ঝালকাঠি জেলার মৃত ওয়াজেদ এর ছেলে , মোঃ রনি (২০) ঢাকার যাত্রাবাড়ীর মৃত আফতাব এর ছেলে, সাদ্দাম হোসেন (৩০) টাংগাইল জেলার মৃত জয়নাল আবেদীনের ছেলে,ও সুমন (৩০) ঝালকাঠি জেলার আঃ লতিফ এর ছেলেসহ মোট ৫জনকে আটক করা হয়।
শৈলকুপা থানার ওসি জাহাঙ্গীর আলম জানান, গোপন সংবাদের ভিত্তিতে এদেরকে গ্রেফতার করা হয়। এদের বিরুদ্ধে নিজ নিজ এলাকায় একাধিক মামলা রয়েছে। তাদেরকে কোর্টে সোপর্দ করা হয়েছে।

কালীগঞ্জ ট্রাক চাপায় বাইসাইকল আরোহী নিহত

ঝিনাইদহের কালীগঞ্জ শহরে ট্রাক চাপায় জিহাদ হাসান (১৮) নাম এক বাইসাইকল আরাহী নিহত হয়েছেন।

সোমবার সকাল সাড়ে ১১ টার দিকে শহরের হাসপাতাল সড়কের মুসলিম বেকারির সামনে এ দুর্ঘটনা ঘটে। নিহত জিহাদ উপজলার হেলায় গ্রামের জহুরুল ইসলামের ছেলে। জিহাদ শহরের একটি কাপড়ের দোকানের কর্মচারী ছিল।

প্রত্যক্ষদর্শীরা জানায়, সোমবার সকালে কালীগঞ্জ শহর থেকে নিজ বাড়ি হেলায় গ্রামে বাইসাইকেলে করে ফিরছিল। পথিমধ্যে শহরের হাসপাতাল সড়কির মুসলিম বেকারীর সামনে পৌছালে ট্রাকের চাঁপায় পিষ্ট হয় জিহাদ। এতে ঘটনাস্থলেই তার মত্যু হয়।

কালীগঞ্জ থানার ওসি মুহা: মাহফুজুর রহমান মিয়া ঘটনার সত্যতা স্বীকার করে জানান, ঘাতক ট্রাকটি আটক করা হয়ছ। তবে ট্রাকের চালক পালিয়ে গেছ

ঝিনাইদহ জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট’র (অনুর্ধ্ব-১৭) উদ্বোধন

খেলাধুলায় বাড়ে বল, মাদক ছেড়ে খেলতে চল, খেলাধুলা করবো, সুস্থ শরীর গড়বো’ এই শ্লোগানকে সামনে রেখে।

আজ সকালে বীরশ্রেষ্ঠ হামিদুর রহমান স্টেডিয়াম জাতীয় পতাকা উত্তোলন ও পায়রা উড়িয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান (বালক) ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব (বালিকা) জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট (অনুর্ধ্ব-১৭) ২০২০-২১ এর শুভ

উদ্বোধন করা হয়।

জেলা প্রশাসক মোঃ মজিবর রহমান এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে খেলার উদ্বোধন করেন ঝিনাইদহ-১ আসনের মাননীয় সংসদ সদস্য মোঃ আব্দুল হাই।

এসময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহের অতিরিক্ত জেলা প্রশাসক সেলিম রেজা, অতিরিক্ত পুলিশ সুপার আনোয়ার সাঈদ, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা এস এম শাহীন, সদর উপজেলা ভাইস চেয়ারম্যান রাশিদুর রহমান রাসেল, ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতি এম রায়হানসহ অন্যান্যরা।

হরিণাকুণ্ডুতে প্রেমের টানে আপন চাচার হাত ধরে ভাতিজী উধাও

প্রেম মানেনা বাঁধা! এ কথাটির আবারো বাস্তবিক প্রমান ঘটলো আপন চাচা ভাতিজির প্রেমে। ঝিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলা ২ নং জোড়াদহ ইউনিয়নের বেলতলা গ্রামে মোঃ মন্টু মন্ডল ছেলে মোঃ অনিক হোসেন
(১৮) ও একই গ্রামের মোঃ আলমগীর হোসেনের মেয়ে মোছাঃ অনামিকা (১৫)| দীর্ঘদিন ধরে ঘরুয়া পরিবেশে প্রাইভেট পড়ানোর নাম করে জটলা বাঁধে প্রেমের সম্পর্ক|

সব সম্পর্ক ত্যাগ করে রবিবার আনুমানিক দুপুর ৩ টার দিকে অজানার উদ্দেশ্য পারি দেয় চাচা ভাতিজা। পারিবারিক সূত্রে জানা যায় দীর্ঘদিন ভাতিজাকে প্রাইভেট পড়াতো চাচা এমন নেক্কার জনক ঘটনা ঘটাবে কে জানে। নিজের মেয়ের মতো ভেবে পড়াতো ভাতিজীকে কিন্তু এমন কুবুদ্ধি মনে আসবে পরিবারের লোকজন কেউ জানতো না।

অনিকের বাবা মন্টু মিয়া জানান ঐ ছেলেতে মানসম্মান সব নষ্ট করে দিয়েছে গ্রামে আমার মূখ দেখানোর কোনো পরিবেশ নেই,তবে এলাকায় বসে আমরা সমাধানের চেষ্টা করছি। অন্যদিকে অনামিকার বাবা আলমগীর হোসেন বলেন আমি দীর্ঘদিন ঢাকাতে থাকি অনিক কে বিশ্বাস করে আমার মেয়েকে তার কাছে পড়তে দিয়েছিলাম,হঠাৎ করে মেয়ের কি বুদ্ধি হলো

আপন চাচার সাথে কি ভেবে উধাও হয়ে যায় আমার বুঝে আসেনা,মেয়ে যখন যা চেয়েছে তাই দিয়েছি কোনো আব্দার না করিনি,সেই মেয়ে আমার মুখে এমন চুনকালি দেবে কখনোই ভাবিনি।

জোড়াদহ ইউনিয়নের চেয়ারম্যান মোঃ নাজমুল হুদা পলাশ মুঠোফোনে জানান বিষয়টা শুনেছি মেয়ে ছেলের পরিবার তাদেরকে খুঁজাখুঁজি করছে।

জোড়াদহ ক্যাম্পের ইনচার্জ সাইফুল ইসলাম জানান মেয়ের পক্ষ থেকে থানায় একটা অভিযোগ হয়েছে বিষয়টা খতিয়ে দেখা হচ্ছে।

ঝিনাইদহ জেলাতে আইসিইউ দাবিতে মানববন্ধন

শহরের কেন্দ্রবিন্দু পায়রা চত্ত্বরে করোনা মহামারীকালে স্বাস্থ্যসেবার উন্নয়ন এবং আইসিইউ এর দাবীতে মানব বন্ধন অনুষ্ঠিত হয়। রোববার সেচ্ছাসেবী সংগঠন করোনা স্কোয়াড এর আয়োজনে মানববন্ধনে অংশ নেয় বিভিন্ন সামাজিক সাংস্কৃতিক সংগঠনের নেতৃবৃন্দসহ ঝিনাইদহের সচেতন জনসাধারণ।

বক্তারা তাদের বক্তব্যে ঝিনাইদহের হাসপাতাল গুলোতে দীর্ঘদিন ধরে সুষ্ঠু সাস্থ্যসেবা না পাওয়া, প্রয়োজনীয় উন্নত চিকিৎসা সরঞ্জামের অপ্রতুলতা সহ দীর্ঘ একবছরের বেশি সময় ধরে চলতে থাকা কোভিড- ১৯ এ আক্রান্তদের চিকিৎসায় আইসিইউ ব্যবস্থা ইত্যাদি বিষয়ে আলোকপাত করেন। করোনা স্কোয়াডের অন্যতম সদস্য তানভীর আহমেদ অভি বলেন, আমাদের ঝিনাইদহ জেলায় মোট উপজেলা ৬ টি, এখানকার জনসংখ্যা ১৭,৭১,৩০৪। অথচ এত বিশাল জনগোষ্ঠীর জন্য নেই কোনো আইসিইউ ব্যবস্থা।রোগী একটু খারাপ হলে রোগীকে ফরিদপুর অথবা ঢাকা ট্রান্সফার করার প্রবণতা। তবে আশার কথা এই যে বর্তমান ঝিনাইদহ হাসপাতালে এক ঝাঁক তরুণ এবং মেধাবী চিকিৎসক আছেন, কিন্তু নেই কোন উন্নত চিকিৎসা সরঞ্জাম যার কারণে উনাদের সীমাবদ্ধতা থেকেই যাচ্ছে।

পিকুল হোসেন বলেন এই করোনা চোখে আঙুল দিয়ে দেখিয়ে গেল একটা

হাসপাতালে আইসিইউ কতটা প্রয়োজনীয়।অনতি বিলম্বে ঝিনাইদহ সহ বাংলাদেশের প্রতিটি জেলায় প্রয়োজনীয় সংখ্যক আইসিইউ স্থাপনের জোর দাবী জানাই। এছাড়া মানববন্ধনে বক্তব্য রাখেন ঝিনাইদহ জেলা নাট্য সমন্বয় পরিষদের সভাপতি রুবেল পারভেজ, সাংস্কৃতিক নেতৃত্ব ইকরামুল হক লিকু,শাহিনুর রহমান লিটন,মুহিব জোয়ারদার, নিরাপদ সড়ক বাস্তবায়ন পরিষদ।

মানবতার ফেরিওয়ালা খ্যাত তারেক মাহমুদ জয়, জাতিয় বিশ্ববিদ্যালয় ছাত্র সংঘ (নুসা)নিসাত আল মামুন তিসান,রাব্বী ইমু নাহিদ মিশন হাসিব সুমন্ত তাসলিমা প্রমুখ। উল্লেখ্য করোনা সচেতনতায় গত বছরের মার্চ মাস থেকে নানা ভাবে মানুষের পাশে থেকে সহযোগিতা করে আসছে ঝিনাইদহের সংগঠন করোনা স্কোয়াড।

পাখির জন্য মাটির হাঁড়ি বসালো কালীগঞ্জ আঞ্চলিক ভাষা গ্রুপ

বিশ্ব পরিবেশ দিবসে পাখিদের জন্য নিরাপদ আশ্রয় তৈরির লক্ষ্যে ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার বিভিন্ন গ্রামে মাটির হাঁড়ি বসালো সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুক ভিত্তিক কালীগঞ্জ আঞ্চলিক ভাষা গ্রুপ।

শনিবার সকালে গ্রুপপটির পক্ষ থেকে উপজেলার বিভিন্ন গ্রামে পাখির নিরাপদ আশ্রয়, পাখি রক্ষা ও তাদের বংশবৃদ্ধির জন্য হাঁড়িগুলো বসানো হয়েছে। হাঁড়িগুলোতে নিচে ছোট ছোট ছিদ্র করা হয়েছে। যার ফলে বৃষ্টির পানি ঢুকলেও নিচের ছিদ্রগুলো দিয়ে পড়ে যাবে। এবং বাসা গুলো দীর্ঘকাল টিকে থাকবে।

পাখির বাসার জন্য মাটির হাড়ি বসানোর সময় উপস্থিত ছিলেন কালীগঞ্জ আঞ্চলিক ভাষা গ্রুপের ক্রিয়েটর এ্যাডমিন সাংবাদিক শাহরিয়ার আলম সোহাগ, হলুদ সাগর, সাংবাদিক মিশন আলী, মডারেটর তৌহিদুল ইসলাম তৌহিদ, তানভীর স্বাধীন প্রমুখ।

কালীগঞ্জ আঞ্চলিক ভাষা গ্রুপের এ্যাডমিন সাগর জানান, পাখির

নিরাপদ আশ্রয়, পাখি রক্ষা ও তাদের ডিম পাড়ার জন্য হাঁড়িগুলো বসানো হয়েছে। এতে ঝড়, বৃষ্টি, রোদ থেকে পাখিরা বাঁচবে। হাঁড়িগুলোতে বাসা বেঁধে বংশবিস্তার করতে পারবে পাখিরা। বিলুপ্তির হাত থেকে রক্ষা পাবে পাখিরা। পর্যায়ক্রমে গ্রুপের পক্ষ থেকে উপজেলার বিভিন্ন গ্রামে মাটির হাঁড়ি বসানো হবে।

সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুক সহ বিভিন্ন ভাবে সাধারণ মানুষ পাখি রক্ষার এই উদ্দোগ কে সাধুবাদ জানিয়েছে।